**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৩৬ জে, তারিখ : ০৩ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন লিপিবদ্ধকরণের নিমিত্ত মামলার সাক্ষীদের জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ রায়ের অনুলিপি, কার্যবিবরণী, কার্য দিবস, সাক্ষীর সংখ্যা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের গত ২১.০১.২০২৪ খ্রি. তারিখের সার্কুলার নং-০১/২০২৪ জে, মূলে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের (প্রেষণে কর্মরত ব্যতিত) ২০২৩ খ্রিষ্টাব্দ ও তদ্‌পরবর্তী সময়ের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) অনলাইনে পূরণ ও দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

২। অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন লিপিবদ্ধকরণের নিমিত্ত উক্ত বছরে তাঁদের নিষ্পত্তিকৃত সংশ্লিষ্ট মামলার সাক্ষীর জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ ২টি দেওয়ানী ও ২টি ফৌজদারী মামলার রায়ের অনুলিপি (মহানগর দায়রা জজ আদালত/দ্রুত বিচার ট্রাইব্যুনাল/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/বিশেষ জজ আদালত/ বিভাগীয় বিশেষ জজ আদালত/ সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল/ মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/ সাইবার ট্রাইব্যুনাল-এর বিচারকগণের ক্ষেত্রে ২টি দেওয়ানী ও ২টি ফৌজদারী রিভিশন/আপীল মামলা, কিন্তু যারা ফৌজদারী রিভিশন কিংবা আপীল মামলা নিষ্পত্তি করেন না, তাঁদের ক্ষেত্রে ৪টি ফৌজদারী মামলার রায়ের অনুলিপি) কার্যবিবরণী, কার্যদিবস, সাক্ষীর সংখ্যা এবং জেলা ও দায়রা জজগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম এম (৮)-বি অত্র কোর্টে প্রেরণের নির্দেশনা রয়েছে। এছাড়া, অতিরিক্ত জেলা ও দায়রা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সমপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণ যথাযথভাবে পূরণ করে অত্র কোর্টে প্রেরণের নির্দেশনা রয়েছে।

৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কতিপয় কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন লিপিবদ্ধকরণের নিমিত্ত মামলার সাক্ষীদের জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ রায়ের অনুলিপি, কার্যবিবরণী, কার্য দিবস, সাক্ষীর সংখ্যা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম অনলাইনে যথাযথভাবে যথাসময়ে অত্র কোর্টে প্রেরণ করছেন না। ফলে প্রশাসনিক কাজে বিঘ্ন ঘটছে।

৪। এমতাবস্থায়, অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন লিপিবদ্ধকরণের নিমিত্ত আদালত/ট্রাইব্যুনালের সীল মোহরযুক্ত তুলনাকারীর স্বাক্ষরসহ মামলার সাক্ষীদের জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ রায়ের অনুলিপি, কার্যবিবরণী, কার্য দিবস, সাক্ষীর সংখ্যা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম অনলাইনে (https://apps.supremecourt.gov.bd/sjacr/)-এ যথাযথভাবে অতিসত্বর অত্র কোর্টে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৫। উল্লেখ্য, অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) অনলাইন প্লাটফরম (https://apps.supremecourt.gov.bd/sjacr/) এবং অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদনের সাথে মামলার সাক্ষীদের জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ রায়ের অনুলিপি ওয়েবলিংক (https://decision.bdcourts.gov.bd)

আপলোড করার নির্দেশনা ছিলো, কিন্তু বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সুবিধার্থে বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) অনলাইন প্লাটফরম (https://apps.supremecourt.gov.bd/sjacr/)-এ বার্ষিক গোপনীয় অনুবেদনের সাথে মামলার সাক্ষীদের জবানবন্দি/জেরা এবং আপীলের ক্ষেত্রে মূল মামলার রায় ও আপীল মেমোর সত্যায়িত কপিসহ রায়ের অনুলিপি আপলোড করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) এবং রায়ের কপি অনলাইন প্লাটফরম-এ আপলোড করার ক্ষেত্রে যে কোন প্রয়োজনে হাইকোর্ট বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব কাজী পারভেজ আনোয়ার (০১৭১৯-৯০০৭৩৭ হোয়াস্টএ্যাপ)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**স্বাক্ষরিত**
(ড. আজিজ আহমদ ভূঞা)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-১১৫৬৩ (৪৫) জে, তারিখ: ০৩ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------------------ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৮। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

১৫.১২.২০২৪

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫